



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

গাজীপুর-১৭০৫।

স্নাতক (সম্মান) প্রোগ্রাম

**ভর্তি বিজ্ঞপ্তি**

শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল (অনুষদ)-এর অধীন বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়সমূহে ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) প্রোগ্রামে ৮ম ব্যাচের ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের ক্লাস অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীদের মোট ক্লাসের ৫০% ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ করে এমন যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবে। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃজনগোষ্ঠীর জন্যে সংরক্ষিত থাকবে। উল্লেখ্য এই বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত ডিগ্রী ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের সমমানের বলে বিবেচিত হবে। এই বিশ্ববিদ্যালয় থেকে পাসকৃত ছাত্র/ছাত্রী বিসিএস সহ বাংলাদেশের যেকোনো প্রথম শ্রেণির চাকুরীসহ (সরকারি/বেসরকারি) যেকোনো প্রতিযোগিতামূলক চাকুরীর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং যোগ্য বলে বিবেচিত হবে।

#### বৈশিষ্ট্যসমূহ

- ◆ চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স=৩ ক্রেডিট), তবে রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।
- ◆ প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সিমেন্টারে বিভক্ত। প্রতি সিমেন্টারে সাধারণত ৫টি কোর্স পড়তে হয়। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সিমেন্টারে ন্যূনতম ২টি কোর্সেও রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সিমেন্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

#### ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

- ক) মানবিক শাখা : বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন ও ইসলামিক স্টাডিজ বিষয়ে অনার্স পড়তে এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৫০ থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।
- খ) সামাজিক বিজ্ঞান শাখা : রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়ে অনার্স পড়তে এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৭৫ থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

- ফরম বিতরণ ও জমা : ১৬ অক্টোবর থেকে ১৫ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত।
- লিখিত পরীক্ষা : ০৫ জানুয়ারি ২০১৮ শুক্রবার সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত; ভর্তি পরীক্ষার স্থান ০২ জানুয়ারি, ২০১৮ পর বাউবি'র ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে।
- ভর্তি পরীক্ষার ফল প্রকাশ : ০৮ জানুয়ারি, ২০১৮ দুপুর ২:০০ টায়।
- মৌখিক পরীক্ষা : ১৯ ও ২০ জানুয়ারি, ২০১৮ স্থান : ঢাকা আঞ্চলিক কেন্দ্র।
- ভর্তি : ২২ জানুয়ারি থেকে ০৯ ফেব্রুয়ারি, ২০১৮।

#### ভর্তি পরীক্ষা পদ্ধতি

- ❖ বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- ❖ ন্যূনতম পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।

#### ভর্তি প্রক্রিয়া

- ◆ ফরম সংগ্রহ : বাউবি ওয়েবসাইট [www.bou.edu.bd](http://www.bou.edu.bd) অথবা ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) কক্ষ নং ৩০৫ (৩য় তলা) থেকে ফরম সংগ্রহ করা যাবে।
- ◆ জমা : জনতা ব্যাংক, ঢাকা কলেজ শাখা, ঢাকা-এর নির্ধারিত একাউন্টে ৪০০/- (চারশত) টাকা জমা দিয়ে জমাদানের ব্যাংক রশিদ, পূরণকৃত ফরম এবং এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষার নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত কপি ঢাকা আঞ্চলিক কেন্দ্রে ১৫-১২-২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ◆ ভর্তি পদ্ধতি : মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী নির্দেশ ও নিয়ম অনুযায়ী ভর্তি হবে।
- ◆ কোর্স ফি : প্রতি কোর্স ১০০০ (একহাজার) টাকা।
- ◆ রেজিস্ট্রেশন ফি : প্রতি সিমেন্টার ২০০ (দুইশত) টাকা।

- ◆ (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্যে প্রযোজ্য হবে।)

(ড. মোঃ জাহাঙ্গীর আলম)

সভাপতি, ভর্তি কমিটি

ও

দিন, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

যোগাযোগ : ০২-৫৮৬১৩২১৭, ০২-৯৬৭৩৬৬৯, ০২-৯২৯১১০৮